

যুগান্তর

ঢাকা বিশ্ববিদ্যালয় নীরবতার কবরে পরিণত হচ্ছে

হাসানুল হক ইনু

যুগান্তর রিপোর্ট

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নীরবতা দেখে মনে হচ্ছে প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়টি দিনে দিনে একটি নীরবতার কবরে পরিণত হচ্ছে।

সাম্প্রতিক সংগঠন-উন্নয়ন সাহিত্য ও সাম্প্রতিক পরিষদের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি অধ্যাপক সৌমিত্র শেখরের বক্তার পরিপ্রেক্ষিতে তিনি এ কথা বলেন।

বাংলা একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে সোমবার বিকেলে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে তিনি আরও বলেন, 'সৌমিত্র শেখর সাহেব যেখানে কেন্দ্রীয় শহীদ মিনার, অপরায়েয় বাংলা ও সোহরাওয়ার্দী উদ্যান দেখে অনুপ্রাণিত হন সেখানে আমি একটি নীরব কবর দেখি। কারণ দেশের প্রগতিশীল আন্দোলন সংগ্রামে আমি এসব শিক্ষার্থীর সোকার অংশগ্রহণ দেখি না।

অনুষ্ঠানের উদ্বোধন করেন কথাসাহিত্যিক সেলিনা হোসেন। আয়োজক সংগঠনের সভাপতি কবি মোহাম্মদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক সৌমিত্র শেখর ও আওয়ামী লীগের সহ-সম্পাদক ব্যারিস্টার জাকির আহমেদ।

স্বাগত বক্তব্য দেন সংগঠনের সহ-সভাপতি জাকিয়া বেগম। আলোচনা শেষে মসীতশিরা বিলু একক গান গেয়ে শোনান।